

📃 আস-সাফফাত | As-Saffat | أُلصًافًات

আয়াতঃ ৩৭: ১৬৬

💵 আরবি মূল আয়াত:

وَ إِنَّا لَنَحِنُ المُسَبِّحُونَ ﴿١۶۶﴾

🗚 অনুবাদসমূহ:

আর আমরা অবশ্যই তাসবীহ পাঠকারী। — আল-বায়ান
আমরা অবশ্যই তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণাকারী। — তাইসিরুল
এবং আমরা অবশ্যই তাঁর পবিত্রতা ঘোষণাকারী। — মুজিবুর রহমান

And indeed, we are those who exalt Allah." — Sahih International

১৬৬. এবং আমরা অবশ্যই তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণাকারী।(১)

(১) আবদুল্লাহ ইবন মাসউদ রাদিয়াল্লাহু আনহু বলেন, আসমানসমূহের মধ্যে এমন এক আসমান রয়েছে যার প্রতি বিঘাত জায়গায় কোন ফেরেশতার কপাল অথবা তার দু'পা দাঁড়ানো অথবা সিজদা-রত অবস্থায় আছে। তারপর আবদুল্লাহ ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু এ আয়াত তেলাওয়াত করলেন। [তাফসীর আবদুর রায্যাক: ২৫৬৫] হাদীসে আরও এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা কি সেভাবে কাতারবন্দী হবে না যেভাবে ফেরেশতারা তাদের রবের কাছে কাতারবন্দী হয়? তিনি বললেন, প্রথম কাতারগুলো পূর্ণ করে এবং কাতারে প্রাচীরের ন্যায় ফাঁক না রেখে দাঁড়ায়। [মুসলিম: ৫২২]

তাফসীরে জাকারিয়া

(১৬৬) এবং আমরা অবশ্যই তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণাকারী।[1]

[1] উদ্দেশ্য এই যে, ফিরিশতাগণও আল্লাহর সৃষ্টি ও তাঁর খাস বান্দা, যাঁরা সর্বদা আল্লাহর ইবাদতে এবং তাঁর তসবীহ ও পবিত্রতা বর্ণনায় মগ্ন থাকেন, তাঁরা আল্লাহর কন্যা নন; যেমন মুশরিকরা ধারণা করে থাকে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3954

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন